



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-০১০

নারীদের উন্নয়নে শেখ হাসিনা যুগান্তকারী সব পদক্ষেপ নিয়েছেন: খাদ্যমন্ত্রী

রাজশাহী: ৩১ আষাঢ় (১৫ জুলাই):

শেখ হাসিনা দেশের উন্নয়নে নিরলস কাজ করে যাচ্ছেন। নারীদের উন্নয়নে তিনি যুগান্তকারী সব পদক্ষেপ নিয়েছেন। নারীদের তিনি মর্যাদার আসনে বসিয়েছেন বলে উল্লেখ করেছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার।

আজ শনিবার (১৫ জুলাই) দুপুরে নিয়ামতপুর সরকারি কলেজ মাঠে বাংলাদেশ মহিলা আওয়ামী লীগ নিয়ামতপুর উপজেলা শাখার ত্রিবার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

খাদ্যমন্ত্রী বলেন, ঘরে ঘরে উন্নয়ন এখন দৃশ্যমান। এই উন্নয়নের এর কথা ভুলে গেলে চলবেনা। এসময় আগামী নির্বাচনে নারীরা শেখ হাসিনাকেই প্রধানমন্ত্রী নির্বাচিত করবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

প্রসঙ্গক্রমে তিনি জানান, আগামীকাল থেকে টিসিবির কার্ডে ১ কোটি মানুষকে অন্যান্য নিত্যপণ্যের সাথে ৫ কেজি চাল বিতরণ শুরু হতে যাচ্ছে।

নিয়ামতপুর উপজেলা আওয়ামী মহিলা লীগের সভাপতি নাদিরা বেগম এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন নিয়ামতপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান ফরিদ আহমেদ, নিয়ামতপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবুল কালাম আজাদ, সাধারণ সম্পাদক জাহিদ হাসান বিপ্লব, নওগাঁ জেলা মহিলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি সোমা মজুমদার এবং বাংলাদেশ আওয়ামী লীগের সাংস্কৃতিক বিষয়ক উপকমিটির সদস্য ইঞ্জিনিয়ার তৃণা মজুমদার।

অনুষ্ঠান উদ্বোধন করেন বাংলাদেশ মহিলা আওয়ামী লীগ নওগাঁ জেলা শাখার সভাপতি মোছা. পারভিন আক্তার।

.....
কামাল/তৌহিদ/হালিম/২০২৩/১৮.০০ঘ.